

মোঃ মাহবুব হোসেন ১৯৮৯ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি তিন মন্ত্রণালয়ের সচিবের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর একান্ত সচিব, উপসচিব, যুগ্মসচিব এবং এ মন্ত্রণালয়ের যোগদানের পূর্বে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি সচিব হিসেবে এ বিভাগে গত ৩১ ডিসেম্বর, ২০১৯ সালে যোগদান করেন। তিনি ১৯৬৪ সালে ১৪ অক্টোবর বরিশাল জেলায় মুলাদি উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মোঃ আব্দুল হাকিম খান, মাতার নাম বেগম মেহেরুন্নেসা। স্ত্রীর নাম মিসেস দীনা হক। তিনি দুই পুত্র সন্তানের জনক। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞানে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি ২০০১ সালে **University of North London** হতে **M.B.A.** এবং ২০০৭ সালে **University of Melbourne** হতে জেন্ডার স্ট্যাডিজ -এ এম.এ ডিগ্রি অর্জন করেন। তিনি দেশে - বিদেশে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি জাতীয় প্রশিক্ষক। তিনি জেন্ডার স্পেশালিষ্ট। তিনি বর্তমান সরকারের অগ্রাধিকার উদ্যোগ বাস্তবায়নের মুখ্য কর্মকর্তা হিসেবে স্থানীয় সরকার বিভাগে দায়িত্ব পালন করেছেন। তিনি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইতালি, অস্ট্রেলিয়া, অস্ট্রিয়া, জাপান, সিঙ্গাপুরসহ বিভিন্ন দেশে ভ্রমণ করেন।